বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়
Bangabandhu Sheikh Mujib Medical University
শাহবাগ, ঢাকা-১০০০।

স্মারক নং- বিএসএমএমইউ/২০২২/ ৯১৪২ তারিখ ঃ০৭/০৯/২০২২ইং

# বিজ্ঞপ্তি

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গত ০৩/০৮/২০২২ইং তারিখের স্মারক নং-৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২০২২ বিজ্ঞপ্তি অনুযায়ী এবং গত ৩০/৮/২০২২ইং তারিখের স্মারক নং- ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২.১০৪৬ মোতাবেক মৌলিক গবেষণাকর্মে সহায়তার জন্য এই বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষকদের আগামী ১৫/০৯/২০২২ইং তারিখের মধ্যে কর্তৃপক্ষ প্রদত্ত Non Plagiarism Checking সার্টিফিকেট (যদি থাকে) সংযুক্ত করে প্রকল্প প্রস্তাবনা মঞ্জুরী কমিশনের এতদসংগে সংযুক্ত বিজ্ঞাপ্তির শর্তাবলি অনুযায়ী স্ব-স্ব উদ্যেগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

আদেশক্রমে-

07/09/22

(ডা. হেলাল উদ্দিন)
উপ- রেজিস্ট্রার -১

স্মারক নং- বিএসএমএমইউ/২০২২/ ৯১৪২/ ১(৬) তারিখ ঃ০৭/০৯/২০২২ইং
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১. ডীন, সকল অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. কোর্স ডাইরেক্টর, সকল অনুষদ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা। (নিজ নিজ বিভাগের শিক্ষকগণকে অবহিত করার ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হ'ল)
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/ পরিচালক (পরিদর্শন)/ পরিচালক (অর্থ ও হিসাব)/ পরিচালক (হাসপাতাল)/ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/ পরিচালক (মানব সম্পদ উন্নয়ন)/ প্রধান প্রকৌশলী/ লাইব্রেরীয়ান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmmu.edu.bd
৬. সকল নোটিশ বোর্ড, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

07/09/22

উপ- রেজিস্ট্রার-১

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২.১০৪৬

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯
৩০ আগস্ট ২০২২

বিষয়: গবেষণা প্রকল্প জমাদানের সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের জন্য গত ০৩ আগস্ট ২০২২ তারিখ দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে প্রকল্প আহবানের লক্ষ্যে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল (কপি সংযুক্ত)। উক্ত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ-চ এ উল্লেখ করা হয়েছিল যে, স্ব-স্ব বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Non Plagiarism Checking সার্টিফিকেট প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে"। অনুচ্ছেদটির পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ প্রতিস্থাপিত হবে। "স্ব-স্ব বিশ্ববিদ্যালয় কর্তৃকপ্রদত্ত Non Plagiarism Checking সার্টিফিকেট **(যদি থাকে)** প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে"।

এমতাবস্থায়, প্রকল্প প্রস্তাবনা জমাদানের সময়সীমা ১৫ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩০-৮-২০২২
ড. মোঃ ফখরুল ইসলাম
পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশনস বিভাগ)
ফোন: ০২-৫৮১৬০১০৮
ইমেইল: fakhrul@ugc.gov.bd

রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২২.১০৪৬/১(৩)

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯
৩০ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১) পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (গবেষণা প্রকল্প জমাদানের সময় বৃদ্ধিকরণ সংক্রান্ত পত্রটি ইউজিসির ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

২) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৩) সহকারী সচিব, সদস্য (রিসাপা) মহোদয়ের দপ্তর , বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৩০-৮-২০২২
মোঃ গোলাম মোস্তফা
উপ-পরিচালক

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

স্মারক নং: ৩৭.০১.০০০০.০৭৩.৪৪.০০৪.২০২২

তারিখঃ ১৯ শে শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থ-বছরে মৌলিক গবেষণাকর্মে সহায়তাদানের জন্য সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে কমিশনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

(ক) আবেদনকারীকে অবশ্যই পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে;
(খ) পিএইচডি ডিগ্রিধারী প্রভাষক এবং সহকারী অধ্যাপক থেকে অধ্যাপকগণ আবেদন করতে পারবেন;
(গ) মঞ্জুরী কমিশনের অর্থায়নে প্রকল্প চলমান থাকলে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
(ঘ) একই প্রকল্প প্রস্তাব একাধিক ক্যাটাগরিতে দাখিল করা যাবে না;
(ঙ) গবেষণা অনুদানের অর্থ ব্যয় ও প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমের বিষয়ে নীতিমালায় উল্লিখিত সকল শর্ত ও নির্দেশনা অবশ্যই অনুসরণ করতে হবে;
(চ) আবেদনকারীকে আবশ্যিকভাবে ফরম পূরণপূর্বক তাঁর সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত, বিগত ০৫ (পাঁচ) বছরে সম্পাদিত গবেষণা প্রকল্প/প্রকাশনার তালিকা এবং আবেদনকৃত গবেষণা প্রকল্পের i. Project Title ii. Objectives iii. Methodology iv. Expected outcomes- উল্লেখপূর্বক সর্বোচ্চ ৩০০ শব্দের মধ্যে একটি Top Sheet স্ব-স্ব বিশ্ববিদ্যালয় কর্তৃক Non Plagiarism Checking সার্টিফিকেটসহ প্রকল্প প্রস্তাবনার সাথে জমা দিতে হবে;
(ছ) কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং ব্যবসায় শিক্ষা/প্রশাসন শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ২,৬০,০০০/- (দুই লক্ষ ষাট হাজার) টাকা এবং বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণা শাখার জন্য প্রকল্প প্রতি বাজেট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে;
(জ) প্রকল্প প্রস্তাবের ৪ (চার) কপির (হার্ড কপি) মধ্যে প্রকল্প পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের নাম ঠিকানা ব্যতীত ০৩ (তিন কপি) এবং ০১ (এক) কপি বিভাগীয় প্রধান/ইনস্টিটিউট প্রধান/অনুষদের ডিন এর দ্বারা অনুস্বাক্ষরিত হওয়ার পর রেজিস্ট্রারের মাধ্যমে পরিচালক, রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানায় আগামী ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
(ঝ) প্রকল্প প্রস্তাবের সফট কপি Microsoft Office Word ফরমেটে সংশ্লিষ্ট ক্যাটাগরি অনুযায়ী নিম্নলিখিত ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে;

ই-মেইল ঠিকানা:
১। কলা ও মানবিক : arts_humanities.rsp@ugc.gov.bd
২। সামাজিক বিজ্ঞান : social_science.rsp@ugc.gov.bd
৩। ব্যবসায় শিক্ষা/প্রশাসন : business studies/administration.rsp@ugc.gov.bd
৪। অর্থ ও হিসাব : finance & accounts.rsp@ugc.gov.bd
৫। আইন ও বিচার : law & justice.rsp@ugc.gov.bd
৬। ভৌতবিজ্ঞান : physical_science.rsp@ugc.gov.bd
৭। জীববিজ্ঞান : biological_science.rsp@ugc.gov.bd
৮। রাসায়নিক বিজ্ঞান : chemical_science.rsp@ugc.gov.bd
৯। কৃষি (জীবন বিজ্ঞান) : life_science.rsp@ugc.gov.bd
১০। কৃষি (ফসল বিজ্ঞান) : crop_science.rsp@ugc.gov.bd
১১। প্রকৌশল বিজ্ঞান (পুর, যন্ত্র ও তড়িৎ) : eng.(civil/mechanical/electrical)_science.rsp@ugc. gov.bd
১২। প্রকৌশল বিজ্ঞান (অন্যান্য) : eng.(miscellaneous)_science.rsp@ugc. gov.bd
১৩। চিকিৎসাবিজ্ঞান : medical_science.rsp@ ugc.gov.bd
১৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : ict.rsp@ugc.gov.bd
১৫। স্থাপত্য, নগর ও অঞ্চল পরিকল্পনা : aurp.rsp@ugc.gov.bd
১৬। দুর্যোগ/জলবায়ু/পরিবেশ : disaster/climate/environment.rsp@ugc.gov.bd

(ঞ) গবেষণা প্রকল্পের আবেদনপত্রের ফরম, শর্তাবলী, তথ্য ছক এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাবলি ইউজিসি ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর "গবেষণা প্রকল্প/গবেষণা সহায়তা মঞ্জুরী" সেবা বক্সে পাওয়া যাবে।

০৩.০৮.২০২২

ড. এ কে এম শামসুল আরেফিন
পরিচালক (অ: দা:)
রিসার্চ সাপোর্ট অ্যান্ড পাবলিকেশন ডিভিশন
ফোন- ০২৫৮১৬০১১৮